

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৩৪৪৫

পর্ব-১৫: কসম ও মানৎ (کتاب الأيمان والندور)

পরিচ্ছেদঃ ১. তৃতীয় অনুচ্ছেদ - মানৎ

আরবী

وَعَنْ مُحَمَّدِ بْنِ الْمُنْتَشِرِ قَالَ: إِنَّ رَجُلًا نَذَرَ أَنْ يَنْحَرَ نَفْسَهُ إِنْ نَجَّاهُ اللَّهُ مِنْ عَدُوّهِ فَسَأَلَهُ الْهُ: لَا تَنْحَرْ نَفْسَكَ فَإِنَّكَ إِنْ كُنْتَ مُوْمِنًا ابْنَ عَبَّاسٍ فَقَالَ لَهُ: لَا تَنْحَرْ نَفْسَكَ فَإِنَّكَ إِنْ كُنْتَ مُوْمِنًا قَتَلْتَ نَفْسًا مُوْمِنَةً وَإِنْ كُنْتَ كَافِرًا تَعَجَّلْتَ إِلَى النَّارِ وَاشْتَرِ كَبْشًا فَاذْبَحْهُ لِلْمَسَاكِينِ فَتَلْتَ نَفْسًا مُؤْمِنَةً وَإِنْ كُنْتَ كَافِرًا تَعَجَّلْتَ إِلَى النَّارِ وَاشْتَرِ كَبْشًا فَاذْبَحْهُ لِلْمَسَاكِينِ فَإِنَّ إِسْحَاقَ خَيْرٌ مِنْكَ وَفُدِيَ بِكَبْشٍ فَأَخْبَرَ ابْنَ عَبَّاسٍ فَقَالَ: هَكَذَا كُنْتُ أَرَدْتُ أَنْ أَوْتِيكَ. رَوَاهُ رَزِينٌ

বাংলা

৩৪৪৫-[২০] মুহাম্মাদ ইবনুল মুনতাশির (রহঃ) হতে বর্ণিত। তিনি বলেন, জনৈক ব্যক্তি মানৎ করল, আল্লাহ তা'আলা যদি তাকে শত্রুর মুকাবেলায় রক্ষা করেন, তাহলে সে নিজেকে কুরবানী করে দেবে। এতদসম্পর্কে ইবনু 'আব্বাস (রাঃ)-কে জিজ্ঞেস করলে তিনি বললেন, মাসরুক (রহঃ)-এর নিকট জিজ্ঞেস কর। সে ব্যক্তি মাসরুক (রহঃ)-কে জিজ্ঞেস করলে তিনি বললেন, তুমি নিজেকে কুরবানী করো না। কেননা তুমি যদি মু'মিন হও, তাহলে তুমি যেন এক মু'মিনকে হত্যা করলে। আর যদি কাফির হও, তাহলে জাহান্নামে যাওয়ার জন্য অগ্রসর হলে। বরং তুমি একটি দুম্বা ক্রয় করে মিসকীনদের জন্য যাবাহ করে দাও। কেননা, ইসহাক (আঃ) তোমার চেয়ে উত্তম মানব ছিলেন। অথচ তাঁর বিনিময়ে একটি দুম্বা কুরবানী করাই যথেষ্ট ছিল। পরে ইবনু 'আব্বাস -কে জানানো হলে তিনি বললেন, আমিও অনুরূপ ফতোয়া দিতে চেয়েছিলাম। (র্যীন)[1]

ফুটনোট

[1] রযীন-এ পাওয়া যায়নি। তবে ত্বারানী ও মুসান্নাফ 'আবদুর্ রাযযাক এ এর ভিন্ন শব্দে কিছু দুর্বল শাহিদ বর্ণনা রয়েছে।

ব্যাখ্যা



ব্যাখ্যা : ত্বীবী বলেনঃ ইবনু 'আব্বাস প্রশ্নকারীকে মাসরূক-এর নিকট পাঠালেন সতর্কতার জন্য, কেননা তিনি উম্মূল মু'মিনীন 'আয়িশাহ্ (রাঃ)-এর কাছে শিক্ষা নিতেন।

ফতোয়া দানকারীর উচিত ফতোয়া প্রদান যেন তাড়াহুড়া না করে, বরং সে যেন পরামর্শ গ্রহণ করে অথবা দলীলের মুখাপেক্ষী হয়। (মিরকাতুল মাফাতীহ)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ মুহাম্মাদ ইবনু মুনতাশির (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন